সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২৯৮২

৫০/ কুরআন তাফসীর (كتاب تفسير القرآن عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ সূরা আল-বাকারা

بَابٌ: وَمِنْ سُورَةِ الْبَقَرَةِ

আরবী

حَدَّثَنَا قُتَيْبَةُ، عَنْ مَالِكِ بْنِ أَنَسٍ، ح قَالَ وَحَدَّثَنَا الأَنْصَارِيُّ، حَدَّثَنَا مَعْنٌ، حَدَّثَنَا مَالِكٌ، عَنْ زَيْدِ بْنِ أَسْلَمَ، عَنِ الْقَعْقَاعِ بْنِ حَكِيمٍ، عَنْ أَبِي يُونُسَ، مَوْلَى عَائِشَةَ قَالَ أَمَرَتْنِي عَائِشَةُ رضى الله عنها أَنْ أَكْتُبَ لَهَا مُصْحَفًا فَقَالَتْ إِذَا بَلَغْتَ هَذِهِ الآيَةَ فَآذِنِّي : (حَافِظُوا عَلَى الصَّلَوَاتِ وَالصَّلاَةِ الْوُسْطَى) فَلَمَّا بَلَغْتُهَا آذَنْتُهَا فَأَمْلَتْ عَلَىَّ حَافِظُوا عَلَى الصَّلَوَاتِ وَالصَّلاَةِ الْوُسْطَى وَصَلاَةِ الْعَصْرِ وَقُومُوا لِلَّهِ قَانِتِينَ وَقَالَتْ سَمِعْتُهَا مِنْ رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم . وَفِي الْبَابِ عَنْ حَفْصَةَ . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ .

বাংলা

২৯৮২. কুতায়বা আল আনসারী (রহঃ) ..... আয়িশা রাদিয়াল্লাহু আনহা-এর আযাদকৃত দাস (মাওলা) আবূ ইউসূফ (রহঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আয়িশা রাদিয়াল্লাহু আনহা তাঁর জন্য কুরআনের একটি কাপি লিখতে আমাকে নির্দেশ দিলেন এবং বললেনঃ যখন এই আয়াতটি পৌঁছবে আমাকে জানাবে। আয়াতটি হলঃ (حَافِظُوا عَلَى الصَّلَوَاتِ وَالصَّلاَةِ الْوُسْطَى) ’তোমরা সালাতের প্রতি যত্নবান বিশেষত মধ্যবর্তী সালাতের।’ (২ঃ ২৩৮) আমি যখন এই আয়াতটিতে পৌছি তখন তাঁকে অবহিত করলাম। তিনি আমাকে লিখালেনঃ

(حَافِظُوا عَلَى الصَّلَوَاتِ وَالصَّلاَةِ الْوُسْطَى وَصَلاَةِ الْعَصْرِ وَقُومُوا لِلَّهِ قَانِتِينَ)

’’তোমরা সালাতের প্রতি যত্নবান হবে বিশেষত মধ্যবতী সালাতের এবং সালাতুল আসবের আর আল্লাহর জন্য দাঁড়াবে বিনীতভাবে।’’

তিনি বললেনঃ আমি তা রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট থেকে শুনেছি।

সহীহ, সহীহ আবু দাউদ ৪৩৭, মুসলিম, তিরমিজী হাদিস নম্বরঃ ২৯৮২ [আল মাদানী প্রকাশনী]

এই বিষয়ে হাফসা রাদিয়াল্লাহু আনহা থেকেও হাদিস বর্ণিত আছে। হাদীসটি হাসান-সহীহ।

English

Narrated Abu Yunus, the freed slave of 'Aishah:
"'Aishah ordered me to write a Mushaf for her, and she said: 'When you get to this Ayah then tell me: Guard strictly (the five obligatory) prayers, and the middle Salat (2:238). So when I reached it, I told her and she dictated to me: 'Guard strictly (the five obligatory) prayers, and the middle Salat, and Salat Al-'Asr. And stand before Allah with obedience.' She said: 'I heard that from the Messenger of Allah (ﷺ).'

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=38334

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন